# কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু

**আইন, গবেষণা ও মূল্যায়ন বিভাগ**

আগমুবি পরিপত্র নং-০১/২০১৮ তারিখঃ ২৮.০৬.২০১৮

বিষয়ঃ **কর্মসংস্থান ব্যাংকের কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের নীতিমালা।**

জাতীয় শুদ্ধাচার কৌশলের রূপকল্প 'সুখী-সমৃদ্ধ' সোনার বাংলা এবং অভিলক্ষ্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১২ সালে মন্ত্রিসভা বৈঠকে অনুমোদিত হয়। এ কৌশল বাস্তবায়নে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে জাতীয় শুদ্ধাচার উপদেষ্টা পরিষদ এবং মাননীয় অর্থমন্ত্রীর নেতৃত্বে উপদেষ্টা পরিষদে নির্বাহী কমিটি গঠিত হয়েছে। ১৯৯৮ সনের ৭নং আইনবলে দেশের বেকার যুবদের আত্মকর্মসংস্থানের মাধ্যমে বেকারত্ব দূরীকরণ ও দারিদ্র বিমোচনের জন্য কর্মসংস্থান ব্যাংক প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠা লগ্ন হতে ব্যাংকের কর্মচারীগণ সততা, নিষ্ঠা, আন্তরিকতা, জবাবদিহিতা ও সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে নিরলস পরিশ্রমের মাধ্যমে কাজ করে আসছে। শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে কর্মসংস্থান ব্যাংকের নির্বাচিত কর্মচারীদের পুরস্কার প্রদানের উদ্দেশ্যে একটি নীতিমালা প্রনয়ন করা হয়েছে। গত ২৭ জুন, ২০১৮ তারিখে অনুষ্ঠিত পরিচালনা বোর্ডের ২৬৩তম সভায় কর্মসংস্থান ব্যাংকের কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের নীতিমালা অনুমোদনের জন্য উপস্থাপন করা হলে পরিচালনা বোর্ড কর্তৃক তা অনুমোদিত হয়। প্রনীত নীতিমালা অনুসরনে প্রতি অর্থ-বছর ব্যাংকের স্থায়ী কর্মচারীদের শুদ্ধাচার চর্চার নিমিত্ত পুরস্কার প্রদান করা হবে। কর্মচারী বলতে অত্র ব্যাংকে স্থায়ীভাবে চাকুরীরত সকলকে বুঝাবে।

**২। পুরস্কার প্রদানের ক্ষেত্রসমূহঃ**

**শুদ্ধাচার চর্চার জন্য নিম্নোক্ত ক্ষেত্রসমূহ বিবেচনা করা হবে :**

২.১. প্রধান কার্যালয়ের গ্রেড-২ হতে গ্রেড-১০ ভুক্ত ০১ জন কর্মচারী এবং গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভুক্ত ০১ জনসহ মোট ০২ (দুই) জন কর্মচারী পুরস্কারের জন্য বিবেচিত হবেন;

২.২. সকল বিভাগীয় কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয় এবং আঞ্চলিক কার্যালয় হতে গ্রেড -৩ থেকে গ্রেড-১০ ভুক্ত ০১জন কর্মচারী এবং গ্রেড-১১ থেকে গ্রেড-২০ ভুক্ত ০১জন জনসহ মোট ০২ (দুই) জন কর্মচারী পুরস্কারের জন্য বিবেচিত হবেন।

২.৩. শাখাসমূহ হতে গ্রেড -৪ থেকে গ্রেড-১০ ভুক্ত ০২ জন কর্মচারী এবং গ্রেড-১১ থেকে গ্রেড-২০ ভুক্ত ০২ জনসহ মোট ০৪ (চার) জন কর্মচারী পুরস্কারের জন্য বিবেচিত হবেন।

অর্থাৎ সর্বমোট ৮ (আট) জন কর্মচারী পুরস্কারের জন্য বিবেচিত হবেন।

**৩। পুরস্কার প্রদানের জন্য কর্মচারী মনোনয়ন :**

৩.১. প্রত্যেক আঞ্চলিক ব্যবস্থাপক প্রতি অঞ্চলের শাখাসমূহ থেকে গ্রেড-৪ হতে ১০ ভুক্ত ০১ জন এবং গ্রেড-১১ হতে গ্রেড ২০ ভুক্ত ০১ জন কর্মচারীর নাম বিভাগীয় বাছাই কমিটিতে উপস্থাপনের লক্ষ্যে নির্ধারিত ফরমে (সংযোজনী-খ) মূল্যায়ন করে নম্বরসহ বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন।

৩.২. প্রত্যেক বিভাগীয় কমিটি আঞ্চলিক ব্যবস্থাপকদের নিকট থেকে প্রাপ্ত গ্রেড-৪ হতে গ্রেড ১০ভুক্ত ০২ জন কর্মচারী এবং গ্রেড-১১ হতে গ্রেড-২০ভুক্ত ০২ জন কর্মচারীসহ মোট ০৪ জন কর্মচারীর নাম পুরস্কার প্রদানের জন্য নির্ধারিত মূল্যায়ন ফরমে (সংযোজনী-খ) মূল্যায়ন পূর্বক নম্বরসহ সুপারিশ করে প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় বাছাই কমিটির সদস্য সচিবের নিকট প্রেরণ করবে।

৩.৩. প্রতিটি বিভাগীয় কার্যালয়ের প্রধান তার নিজ কার্যালয়, আওতাধীন আঞ্চলিক ব্যবস্থাপক ও আঞ্চলিক কার্যালয়ের কর্মচারীদের এবং প্রত্যেক বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা তার কার্যালয়ের কর্মচারীদের মূল্যায়ন ফরমে (সংযোজনী-খ) মূল্যায়নপূর্বক পূরণ করে প্রধান কার্যালয়ের বাছাই কমিটির সদস্য সচিবের নিকট প্রেরণ করবেন।

একইভাবে মহাব্যবস্থাপক (পরিচালন মহাবিভাগ) বিভাগীয় কার্যালয় প্রধান এবং মহাব্যবস্থাপক (নিরীক্ষা মহাবিভাগ) বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তাদের মূল্যায়ন ফরমে (সংযোজনী-খ) মূল্যায়নপূর্বক প্রধান কার্যালয়ের বাছাই কমিটির সদস্য সচিবের নিকট প্রেরণ করবেন।

**চলমান পাতা-০২**

৩.৪. প্রধান কার্যালয়ের মহাব্যবস্থাপকগণ প্রতি মহাবিভাগ হতে ০২ জন (গ্রেড-০৩ হতে গ্রেড-১০ভুক্ত ০১ জন এবং গ্রেড-১১ হতে গ্রেড-২০ভুক্ত ০১ জন) কর্মচারীর নাম পুরস্কার প্রদানের জন্য নির্ধারিত ফরমে (সংযোজনী-ক) মূল্যায়ন করে নম্বরসহ প্রধান কার্যালয়ের বাছাই কমিটির সদস্য সচিবের নিকট প্রেরণ করবেন। এক্ষেত্রে মহাবিভাগ বহির্ভূত প্রধান কার্যালয়ের অন্যান্য কার্যালয়/দপ্তরের কর্মচারীগণ প্রশাসন মহাবিভাগের আওতাভূক্ত বলে গণ্য হবেন।

৩.৫. উপ-ব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপকদের পুরস্কার বিবেচনার লক্ষ্যে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় নির্ধারিত ফরমে (সংযোজনী-ক) মূল্যায়ন করে ০১ (এক) জনের নাম সরাসরি কেন্দ্রীয় বাছাই কমিটিতে উপস্থাপন করবেন।

৩.৬. প্রতি অর্থবছর ২০ জুলাই এর মধ্যে পুরস্কারের জন্য প্রস্তাবিত নামগুলো সংশ্লিষ্ট বাছাই কমিটিতে প্রেরণ করতে হবে। প্রধান কার্যালয়ের বাছাই কমিটি ও বিভাগীয় কার্যালয়ের বাছাই কমিটি ৩১ জুলাই এর মধ্যে কেন্দ্রীয় বাছাই কমিটির নিকট সুপারিশ করবে। কেন্দ্রীয় বাছাই কমিটি কর্তৃক পরবর্তী ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে পুরস্কারের নাম ঘোষণা করতে হবে।

## ০৪। মুল্যায়ন পদ্ধতিঃ

নীতিমালায় বর্ণিত নিম্নলিখিত সূচক (Indicator)-এর ভিত্তিতে মূল্যায়নপূর্বক "শুদ্ধাচার পুরস্কার" প্রদানের জন্য নির্বাচন করা হবে। পুরস্কার প্রদানের লক্ষ্যে সুপারিশ করার ক্ষেত্রে শুদ্ধাচার চর্চার জন্য নির্ধারিত ১৮টি সূচকে ৯০ নম্বর এবং কর্মসংস্থান ব্যাংক কর্তৃক ধার্য্যকৃত অন্যান্য কার্যক্রমের ১৯ নম্বরসূচকে ১০ নম্বরসহ মোট ১০০ নম্বর বিবেচনা করা হবে।

| ক্রম | সূচক | নম্বর | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|
| ১ | পেশাগত জ্ঞান ও দক্ষতা | ৫ | |
| ২ | সততার নিদর্শন | ৫ | |
| ৩ | নির্ভরযোগ্যতা ও কর্তব্যনিষ্ঠা | ৫ | |
| ৪ | শৃঙ্খলাবোধ | ৫ | |
| ৫ | সহকর্মীদের সঙ্গে আচরণ | ৫ | |
| ৬ | সেবাগ্রহীতার সঙ্গে আচরণ | ৫ | |
| ৭ | প্রতিষ্ঠানের বিধি-বিধানের প্রতি শ্রদ্ধাশীলতা | ৫ | |
| ৮ | সমন্বয় ও নেতৃত্ব দানের ক্ষমতা | ৫ | |
| ৯ | তথ্য প্রযুক্তি ব্যবহারের পারদর্শিতা | ৫ | |
| ১০ | পেশাগত, স্বাস্থ্য ও পরিবেশ বিষয়ক নিরাপত্তা সচেতনতা | ৫ | |
| ১১ | ছুটি গ্রহণের প্রবণতা | ৫ | |
| ১২ | উদ্ভাবন চর্চা | ৫ | |
| ১৩ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে তৎপরতা | ৫ | |
| ১৪ | সোশ্যাল মিডিয়া ব্যবহার | ৫ | |
| ১৫ | স্বপ্রণোদিত তথ্য প্রকাশে আগ্রহ | ৫ | |
| ১৬ | উপস্থাপন দক্ষতা | ৫ | |
| ১৭ | ই-ফাইল ব্যবহারে আগ্রহ | ৫ | |
| ১৮ | অভিযোগ প্রতিকারে সহযোগিতা | ৫ | |
| ১৯ | কর্মসংস্থান ব্যাংক কর্তৃক ধার্যকৃত অন্যান্য কার্যক্রম | * ১০ | |
| | মোট : | ১০০ | |

চলমান পাতা-০৩

*** মাঠ পর্যায়ে ধার্য্যকৃত অন্যান্য কার্যক্রমের নম্বর বিভাজন নিম্নরূপ :**

| ক্র.ম | সূচক | নম্বর | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|
| ০১ | ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অর্জন | ২.৫০ | |
| ০২ | ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা অর্জন | ২.৫০ | |
| ০৩ | আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জন | ২.৫০ | |
| ০৪ | আইসিটি সম্পর্কে জ্ঞান | ২.৫০ | |
| | মোট : | ১০.০০ | |

*** প্রধান কার্যালয়ে কর্মরত কর্মচারীদের ক্ষেত্রে ধার্য্যকৃত অন্যান্য কার্যক্রমে নম্বর বিভাজন নিম্নরূপঃ**

| ক্র.ম | সূচক | নম্বর | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|
| ০১ | আইসিটি সম্পর্কে জ্ঞান | ৩.০০ | |
| ০২ | আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জন | ৪.০০ | |
| ০৩ | নীতিমালা প্রনয়ন সম্পর্কে জ্ঞান | ৩.০০ | |
| | মোট | ১০.০০ | |

**০৫। পুরস্কার প্রাপ্তির যোগ্যতা নির্ধারণ :**

৫.১. বিবেচ্য কর্মচারীকে প্রতি অর্থবছরে ন্যূনতম ছয় মাস চাকুরী করতে হবে;
৫.২. কোন কর্মচারীর গুণাবলির সূচকের বিপরীতে প্রাপ্ত সর্বমোট নম্বরের ভিত্তিতে সেরা কর্মচারী হিসেবে মূল্যায়ন করা হবে;
৫.৩. কোন কর্মচারীর মোট প্রাপ্ত নম্বর ন্যূনতম ৮০ না হলে তিনি শুদ্ধাচার পুরস্কারের জন্য বিবেচিত হবেন না;
৫.৪. সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত কর্মচারী শুদ্ধাচার পুরস্কারের জন্য বিবেচিত হবেন;
৫.৫. মূল্যায়নের পর একাধিক কর্মচারী একই নম্বর পেলে লটারীর ভিত্তিতে সেরা কর্মচারী নির্বাচন করতে হবে;
৫.৬. কোন কর্মচারী যে কোন অর্থবছরে একবার শুদ্ধাচার পুরস্কার পেলে তিনি পরবর্তী ০৩বছরের মধ্যে পুনরায় পুরস্কার পাওয়ার জন্য বিবেচিত হবেন না;

**৬। শুদ্ধাচার চর্চার পুরস্কারের জন্য বাছাই কমিটি গঠন :**

**৬.১.** শাখাসমূহের কর্মচারীদের মনোনয়নের জন্য বাছাই কমিটি হবে নিম্নরূপঃ

সভাপতিঃ উপ-মহাব্যস্থাপক, সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়
সদস্যঃ সংশ্লিষ্ট বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা
সদস্যঃ আঞ্চলিক ব্যবস্থাপক, বিভাগীয় সদর
সদস্য সচিবঃ বিভাগীয় কার্যালয়ের দ্বিতীয় জ্যেষ্ঠ কর্মকর্তা।

প্রতিটি বিভাগীয় কার্যালয়ের বাছাই কমিটি গ্রেড-০৪ হতে গ্রেড-১০ভুক্ত ০২ জন এবং গ্রেড-১১ হতে গ্রেড-২০ভুক্ত ০২ জন অর্থাৎ মোট ০৪ জনের নাম কেন্দ্রীয় বাছাই কমিটির সদস্য সচিবের নিকট প্রেরণ করবে।

**৬.২.** প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয় এবং আঞ্চলিক কার্যালয়ের কর্মচারীদের মনোনয়নের জন্য বাছাই কমিটি হবে নিম্নরূপঃ

সভাপতিঃ উপ-ব্যবস্থাপনা পরিচালক
(উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর অনুপস্থিতিতে উপস্থিত জ্যেষ্ঠ মহাব্যবস্থাপক সভাপতিত্ব করবেন)
সদস্যঃ সকল মহাব্যবস্থাপক
সদস্য সচিবঃ উপ-মহাব্যবস্থাপক, আইন, গবেষণা ও মূল্যায়ন বিভাগ

বিভাগীয় কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয় এবং আঞ্চলিক কার্যালয়ের কর্মচারীদের মনোনয়নের জন্য প্রধান কার্যালয়ের বাছাই কমিটি গ্রেড-০৩ হতে গ্রেড-১০ ভুক্ত ০২ জন এবং গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভুক্ত ০২ জন অর্থাৎ মোট ০৪ জনের নাম কেন্দ্রীয় বাছাই কমিটির সদস্য সচিবের নিকট প্রেরণ করবে।

এছাড়াও প্রধান কার্যালয়ের বাছাই কমিটি প্রাপ্ত প্রধান কার্যালয়ের কর্মচারীদের নামের প্রস্তাবগুলো যাচাই-বাছাই পূর্বক ০৪ জনের (গ্রেড-০২ থেকে গ্রেড-১০ ভুক্ত ০২ জন, গ্রেড-১১ হতে গ্রেড-২০ভুক্ত ০২ জন) নাম কেন্দ্রীয় বাছাই কমিটির সদস্য সচিবের নিকট প্রেরণ করবে।

চলমান পাতা-০৪

৬.৩. কর্মসংস্থান ব্যাংকের শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য কেন্দ্রীয় বাছাই কমিটি হবে নিম্নরূপঃ

সভাপতিঃ ব্যবস্থাপনা পরিচালক

সদস্যঃ উপ-ব্যবস্থাপনা পরিচালক

সদস্যঃ সকল মহাব্যবস্থাপক

সদস্য সচিবঃ উপ-মহাব্যবস্থাপক, আইন, গবেষণা ও মূল্যায়ন বিভাগ

কেন্দ্রীয় বাছাই কমিটি প্রধান কার্যালয়ের বাছাই কমিটি ও বিভাগীয় কার্যালয়ের বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রস্তাবগুলো যাচাই-বাছাই পূর্বক অত্র নীতিমালার আলোকে পুরস্কারের জন্য চুড়ান্তভাবে নির্বাচন করবে।

৭। শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য গঠিত কমিটির কোন উপ-মহাব্যবস্থাপক বিভাগের দায়িত্বে না থাকলে সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে) দায়িত্ব পালন করবেন।

৮। **পুরস্কারের মান :**

শুদ্ধাচার চর্চার পুরস্কার হিসেবে একটি সার্টিফিকেট এবং এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান করা হবে।

৯। এ নীতিমালা ২০১৬-১৭ অর্থবছর হতে কার্যকর হবে।

অনুমোদনক্রমে,

সংযুক্তিঃ বর্ননামোতাবেক।

২৮/৬/১৮

(জি এম রুহুল আমিন)
উপ-মহাব্যবস্থাপক

পত্র নং-কেবি/প্রকা/আগমুবি/-৩৬/২০১৭-১৮/ ৩৭১ (৩০৪)

তারিখঃ ২৮.০৬.২০১৮

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/পরিচালন/হিসাব/নিরীক্ষা মহাবিভাগ) মহোদয়ের দপ্তর কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (উপ-মহাব্যবস্থাপক, আইটি বিভাগ, তাঁকে পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৫। উপ-মহাব্যবস্থাপকক, সকল বিভাগীয় কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক।
০৬। সহকারী মহাব্যবস্থাপক (বোর্ড সচিব), পরিচালনা পর্ষদ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭। সহকারী মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক।
০৮। সকল আঞ্চলিক ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক।
০৯। সকল শাখা ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক।
১০। অফিস নথি/মহানথি।

২৮/৬/২০১৮

(মোঃ গোলাম কিবরিয়া)
সহকারী মহাব্যবস্থাপক

সংযোজনী-ক

# কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

**বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু**

প্রধান কর্যালয়ে কর্মরত কর্মচারীদের জন্য

**(শুদ্ধাচার চর্চা বিষয়ক গোপনীয় প্রতিবেদন)**

**শুদ্ধাচার পুরস্কার প্রদানের মূল্যায়ন ফরম**

(প্রতিবেদনকারী কর্মচারী কর্তৃক পুরণযোগ্য)

নামঃ ............................................................ পদবীঃ ..............................

জিপিএফঃ ............., বর্তমান কর্মস্থলঃ ...................................................

শুদ্ধাচার পুরস্কারের সূচকসমূহ (প্রত্যেক বিষয়ের বিপরীতে যথাযথ ঘরে অংকে নম্বর প্রদান করে মূল্যায়ন করুন):

| ক্রম | সূচক | নম্বর | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | পেশাগত জ্ঞান ও দক্ষতা | ৫ | | |
| ২ | সততার নিদর্শন | ৫ | | |
| ৩ | নির্ভরযোগ্যতা ও কর্তব্যনিষ্ঠা | ৫ | | |
| ৪ | শৃঙ্খলাবোধ | ৫ | | |
| ৫ | সহকর্মীদের সঙ্গে আচরণ | ৫ | | |
| ৬ | সেবাগ্রহীতার সঙ্গে আচরণ | ৫ | | |
| ৭ | প্রতিষ্ঠানের বিধি-বিধানের প্রতি শ্রদ্ধাশীলতা | ৫ | | |
| ৮ | সমন্বয় ও নেতৃত্ব দানের ক্ষমতা | ৫ | | |
| ৯ | তথ্য প্রযুক্তি ব্যবহারের পারদর্শিতা | ৫ | | |
| ১০ | পেশাগত, স্বাস্থ্য ও পরিবেশ বিষয়ক নিরাপত্তা সচেতনতা | ৫ | | |
| ১১ | ছুটি গ্রহণের প্রবণতা | ৫ | | |
| ১২ | উদ্ভাবন চর্চা | ৫ | | |
| ১৩ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে তৎপরতা | ৫ | | |
| ১৪ | সোশ্যাল মিডিয়া ব্যবহার | ৫ | | |
| ১৫ | স্বপ্রণোদিত তথ্য প্রকাশে আগ্রহ | ৫ | | |
| ১৬ | উপস্থাপন দক্ষতা | ৫ | | |
| ১৭ | ই-ফাইল ব্যবহারে আগ্রহ | ৫ | | |
| ১৮ | অভিযোগ প্রতিকারে সহযোগিতা | ৫ | | |
| ১৯ | কর্মসংস্থান ব্যাংক কর্তৃক ধার্যকৃত অন্যান্য কার্যক্রম | * ১০ | | |
| | মোট : | ১০০ | | |

*** প্রধান কার্যালয়ে কর্মরত কর্মচারীদের ক্ষেত্রে ধার্য্যকৃত অন্যান্য কার্যক্রমে নম্বর বিভাজন নিম্নরূপঃ**

| ক্র.ম | সূচক | নম্বর | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | আইসিটি সম্পর্কে জ্ঞান | ৩.০০ | | |
| ০২ | আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জন | ৪.০০ | | |
| ০৩ | নীতিমালা প্রনয়ন সম্পর্কে জ্ঞান | ৩.০০ | | |
| | মোট | ১০.০০ | | |

**বিশেষ মন্তব্য (যদি থাকে):**

**তারিখঃ**

মহাব্যবস্থাপক
(নামসহ সীলমোহর)

**বাছাই কমিটির সুপারিশঃ**

সদস্য সচিব    সদস্য    সদস্য    সদস্য    সদস্য    সভাপতি

সংযোজনী-খ

# কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু

**(শুদ্ধাচার চর্চা বিষয়ক গোপনীয় প্রতিবেদন)**

**শুদ্ধাচার পুরস্কার প্রদানের মূল্যায়ন ফরম**

(প্রতিবেদনকারী কর্মচারী কর্তৃক পুরণযোগ্য)

বিভাগীয় কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়/আঞ্চলিক কার্যালয়/শাখায় কর্মরত কর্মচারীদের জন্য

নামঃ ............................................................ পদবীঃ ....................

জিপিএফঃ ............., বর্তমান কর্মস্থলঃ .............................................

শুদ্ধাচার পুরস্কারের সূচকসমূহ (প্রত্যেক বিষয়ের বিপরীতে যথাযথ ঘরে অংকে নম্বর প্রদান করে মূল্যায়ন করুন):

| ক্রম | সূচক | নম্বর | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | পেশাগত জ্ঞান ও দক্ষতা | ৫ | | |
| ২ | সততার নিদর্শন | ৫ | | |
| ৩ | নির্ভরযোগ্যতা ও কর্তব্যনিষ্ঠা | ৫ | | |
| ৪ | শৃঙ্খলাবোধ | ৫ | | |
| ৫ | সহকর্মীদের সঙ্গে আচরণ | ৫ | | |
| ৬ | সেবাগ্রহীতার সঙ্গে আচরণ | ৫ | | |
| ৭ | প্রতিষ্ঠানের বিধি-বিধানের প্রতি শ্রদ্ধাশীলতা | ৫ | | |
| ৮ | সমন্বয় ও নেতৃত্ব দানের ক্ষমতা | ৫ | | |
| ৯ | তথ্য প্রযুক্তি ব্যবহারের পারদর্শিতা | ৫ | | |
| ১০ | পেশাগত, স্বাস্থ্য ও পরিবেশ বিষয়ক নিরাপত্তা সচেতনতা | ৫ | | |
| ১১ | ছুটি গ্রহণের প্রবণতা | ৫ | | |
| ১২ | উদ্ভাবন চর্চা | ৫ | | |
| ১৩ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে তৎপরতা | ৫ | | |
| ১৪ | সোশ্যাল মিডিয়া ব্যবহার | ৫ | | |
| ১৫ | স্বপ্রণোদিত তথ্য প্রকাশে আগ্রহ | ৫ | | |
| ১৬ | উপস্থাপন দক্ষতা | ৫ | | |
| ১৭ | ই-ফাইল ব্যবহারে আগ্রহ | ৫ | | |
| ১৮ | অভিযোগ প্রতিকারে সহযোগিতা | ৫ | | |
| ১৯ | কর্মসংস্থান ব্যাংক কর্তৃক ধার্যকৃত অন্যান্য কার্যক্রম | * ১০ | | |
| | মোট : | ১০০ | | |

*** মাঠ পর্যায়ে ধার্যকৃত অন্যান্য কার্যক্রমের নম্বর বিভাজন নিম্নরূপ : (মাঠ পর্যায়ে কর্মরত কর্মচারীদের জন্য প্রযোজ্য)**

| ক্র.ম | সূচক | নম্বর | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অর্জন | ২.৫০ | | |
| ০২ | ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা অর্জন | ২.৫০ | | |
| ০৩ | আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জন | ২.৫০ | | |
| ০৪ | আইসিটি সম্পর্কে জ্ঞান | ২.৫০ | | |
| | মোট : | ১০.০০ | | |

**বিশেষ মন্তব্য (যদি থাকে):**

**তারিখঃ**

আঞ্চলিক ব্যবস্থাপক/বিভাগীয় উপ-মহাব্যবস্থাপক/
বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা
(নাম ও পদবীসহ সীলমোহর)

**বাছাই কমিটির সুপারিশঃ**

সদস্য সচিব | সদস্য | সদস্য | সদস্য | সভাপতি